



মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।



স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/৮৫৭৫

তারিখ: ২৬ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ
১১ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বেড়া ফাজিল মাদরাসা, ডাকঘর: বেড়া, উপজেলা: বেড়া, জেলা: পাবনা-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৭.১১.২০১৯ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ১৫.০৩.২০২০ খ্রি. থেকে ১৪.০৩.২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ :

- ১। উপাধ্যক্ষ, প্রভাষক (আরবি), সহকারী মৌলভী, কম্পিউটার অপারেটর ও ঝাড়ুদারের শূন্যপদ পূরণ করতে হবে।
- ২। টিনসেড ভবনের শ্রেণিকক্ষগুলো মেরামত করে প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় করে সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
- ৩। শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- ৪। লাইব্রেরীর জন্য কক্ষ নির্ধারণ পূর্বক প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় করত: বইয়ের সংখ্যা বৃদ্ধি করে তা ব্যবহারে শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে।
- ৫। অধ্যক্ষ, উপাধ্যক্ষের জন্য সংযুক্ত বাথরুমসহ সুসজ্জিত কক্ষ ও পরিপাটি শিক্ষক মিলনায়তনের ব্যবস্থা করতে হবে।
- ৬। অর্থ কমিটি গঠন করে মাদরাসার আয়-ব্যয়ের হিসাব গভর্নিং বডির সভার মাধ্যমে অনুমোদন নিতে হবে।
- ৭। বিজ্ঞান শাখার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয় করতে হবে।
- ৮। শ্রেণিকক্ষে মানসম্পন্ন পাঠদানের জন্য শিক্ষকদের নিয়ে কর্মশালার ব্যবস্থা করতে হবে।
- ৯। ছাত্র-ছাত্রীদের নির্ধারিত টয়লেটগুলো সংস্কার করে সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
- ১০। মাদরাসার সাইবোর্ডে আরবিতে মাদরাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
- ১১। অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

Danu 11.11.2020

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

বেড়া ফাজিল মাদরাসা

ডাকঘর: বেড়া, উপজেলা: বেড়া, জেলা: পাবনা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/৮৫৭৫

তারিখ: ২৬ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ
১১ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সভাপতি, বেড়া ফাজিল মাদরাসা, ডাকঘর: বেড়া, উপজেলা: বেড়া, জেলা: পাবনা।
- ৭। অফিস নথি।

Muhammad Mahfuzur Rahman
11.11.2020

(মুহাম্মদ মাহফিজুর রহমান)

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৬৩৩-১৩৮২৭৩

অধি/নবায়ন/ফাইল নং- রাজশাহী-৮৭